

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
টেলিযোগাযোগ অধিদপ্তর  
নিয়োগ-২ শাখা  
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
[www.telecomdept.gov.bd](http://www.telecomdept.gov.bd)

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৭.১২.০৪৩.২১.২১৮

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১


বিষয়: জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০/৬ বছর পূর্তিতে উচ্চতরগ্রেড প্রাপ্যতা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বেতনস্কেল ২০১৫ মোতাবেক চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ এর অনুচ্ছেদ-৭ অনুযায়ী কর্মচারীদের উচ্চতরগ্রেড প্রদানের কাজটি চলমান রয়েছে। তবে, বেশিরভাগ কর্মচারীদের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাদি না থাকায় বিষয়োল্লিখিত কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করা যাচ্ছে না।

২। উপরোক্ত সমস্যা দূরীকরণে যে সকল কাগজাদি ও তথ্য দাখিল করা জরুরী তার জন্য ১টি চেকলিষ্ট (সংযুক্তি-১), তথ্যছক (সংযুক্তি-২) এবং একটি পূরণকৃত নমুনা তথ্যছক (সংযুক্তি-৩) দেয়া হলো। তথ্যছক যথাযথভাবে পূরণ এবং চেকলিষ্ট মোতাবেক সমস্ত কাগজপত্রাদি সংযুক্ত অতীব প্রয়োজন। এছাড়া, আবেদনকারীর বিগত ৫(পাঁচ) বছরের এসিআর উপপরিচালক (প্রশিক্ষণ) এবং বিভাগীয়/দুদকের মামলা উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) এর নিকট (নমুনাছক, সংযুক্তি-৪) পৃথক পত্রের মাধ্যমে ডিওটি'তে প্রেরণ করা জরুরি।

৩। এমতাবস্থায়, কর্মচারীদের উচ্চতরগ্রেড প্রদানের লক্ষ্যে সংযুক্ত তথ্যছক যথাযথভাবে পূরণকরত (চেকলিষ্ট মোতাবেক তথ্যাদির প্রমাণকসহ) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, আবেদনকারীগণ এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি টেলিযোগাযোগ অধিদপ্তরের ওয়েবসাইট ([www.telecomdept.gov.bd](http://www.telecomdept.gov.bd)) থেকে ডাউনলোড করে নিতে পারবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২১-১২-২০২১

মোঃ মফিজ উদ্দিন

পরিচালক

ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০

ইমেইল:

[dir.admin@telecomdept.gov.bd](mailto:dir.admin@telecomdept.gov.bd)

ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড

(বিটিসিএল)

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৭.১২.০৪৩.২১.২১৮/১(২১)

তারিখ: ৬ পৌষ ১৪২৮  
২১ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) চীফ জেনারেল ম্যানেজার (সকল), বিটিসিএল
- ২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৩) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর-সংযুক্তিসহ পত্রটি ডিওটি'র ওয়েবসাইটে আপলোডকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ।
- ৪) নথি/মহানথি।



২১-১২-২০২১

একেএম আব্দুল মতিন  
সহকারী পরিচালক